

ইলেক্ট্রনিক পদ্ধতিতে নথি নিষ্পত্তি কার্যক্রম (ই-ফাইলিং) শুরু করেছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি

আজ ১৩ সেপ্টেম্বর সকাল ১০.৩০ ঘটিকায় ঢাকার ইক্ষ্যাটনস্থ প্রবাসী কল্যাণ ভবনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের নিজ অফিস কক্ষে ইলেক্ট্রনিক পদ্ধতিতে নথি নিষ্পত্তি কার্যক্রম (ই-ফাইলিং) শুরু করেছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি। এসময় মন্ত্রী বলেন, ই-ফাইলিং কার্যক্রম ডিজিটাল বাংলাদেশের একটি যুগান্তকারী পদক্ষেপ এবং এর সুফল জনগণ পেতে শুরু করেছে। তিনি আরও বলেন, ই-ফাইলিং এর মাধ্যমে দ্রুততম সময়ে সিদ্ধান্ত গ্রহণ ও নথি নিষ্পত্তি কার্যক্রম সম্ভব হবে। এর মাধ্যমে এ মন্ত্রণালয়ের কাজের গতিশীলতা বৃদ্ধি এবং স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিত হবে। মন্ত্রী বলেন, বর্তমান সরকার নির্বাচনী ইশতেহারে ডিজিটাল বাংলাদেশ গড়ার অঙ্গীকারবদ্ধ। তাই এখন থেকে এ মন্ত্রণালয়ের সকল কার্যক্রম ই-ফাইলিং এর মাধ্যমে সম্পন্ন হবে। উল্লেখ্য, এখন থেকে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ই-ফাইলিং এর মাধ্যমে মন্ত্রণালয়ের কার্যক্রমের আদেশ, নির্দেশ ও স্বাক্ষর প্রদান করবেন। এমনকি দেশের বাইরে অবস্থান করেও ই-ফাইলিং এর মাধ্যমে মন্ত্রণালয়ের কার্যক্রমের সিদ্ধান্ত দিতে পারবেন।

এসময় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাসন) মোঃ আমিনুল ইসলাম, যুগ্মসচিব (প্রশাসন) মোঃ মিজানুর রহমান, মন্ত্রীর একান্ত সচিব ও যুগ্মসচিব মুঃ মোহসিন চৌধুরীসহ মন্ত্রণালয়ের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

